



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.sec.gov.bd




বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপত্র(৫ম খন্ড)/২০১৯-১৭৬

তারিখ ১৯ মার্চ, ২০২০
৫ চৈত্র, ১৪২৬

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন মুজিববর্ষ উপলক্ষ্যে বর্ষব্যাপী কর্মসূচি প্রণয়ন করেছে। তারই অংশ হিসেবে বঙ্গবন্ধুর জন্মদিনে বিগত ১৭ই মার্চ, ২০২০ তারিখে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পন করা হয়। পরবর্তী দিন গতকাল ১৮ই মার্চ, ২০২০ তারিখে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক গৃহীত বর্ষব্যাপী কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠান 'সিকিউরিটিজ কমিশন ভবনে' অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও কমিশনের মুজিববর্ষ উদযাপন স্টিয়ারিং কমিটির সভাপতি ড. এম. খায়রুল হোসেন। এ সময় কমিশনের কমিশনার ও স্টিয়ারিং কমিটির সদস্য প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা, জনাব খন্দকার কামালউজ্জামান, নির্বাহী পরিচালক ও স্টিয়ারিং কমিটির সদস্য সচিব জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক ও মুজিববর্ষ উদযাপন কর্মসূচি বাস্তবায়ন কমিটির আহ্বায়ক জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক ও জন্মশত বার্ষিকী উদযাপন ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাইফুর রহমান সহ কমিশনে কর্মরত সকল কর্মচারী উপস্থিত ছিলেন। আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অর্থনৈতিক দর্শনের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের কমিশনার ড. স্বপন কুমার বালা। আলোচনায় অংশগ্রহণ করেন কমিশনের নির্বাহী পরিচালক মিসেস রুকসানা চৌধুরী, কমিশনের কমিশনার জনাব খন্দকার কামালউজ্জামান, কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী এবং কমিশনের চেয়ারম্যান ও প্রধান অতিথি ড. এম. খায়রুল হোসেন। আলোচনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত ও পারিবারিক জীবন, রাজনৈতিক দর্শন, অর্থনৈতিক ভাবনা, ১৯৪৭-১৯৭০ সাল পর্যন্ত স্বাধীন বাংলাদেশের পটভূমি তৈরিতে বঙ্গবন্ধুর ভূমিকা, ১৯৭১ এর স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব ও ১৯৭১ পরবর্তী দেশ পরিচালনায় তাঁর অবদান শীর্ষক বিষয়বস্তু আলোচনায় প্রাধান্য পায়। কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বঙ্গবন্ধুর আদর্শকে হৃদয়ে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য জাতির পিতার দেখানো পথে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নিজেদের নিয়োজিত করার আহ্বান জানান। আলোচনার শেষ দিকে কমিশনের চেয়ারম্যান ও প্রধান অতিথি ড. এম. খায়রুল হোসেন কমিশন কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিববর্ষ) উদযাপন এর উদ্বোধন ও শুভ সূচনা ঘোষণা করেন এবং কেক কেটে বঙ্গবন্ধু মুজিবের শততম জন্মবার্ষিকী উদযাপন করেন। সবশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের প্রয়াত সদস্যদের আত্মার মাগফেরাত কামনা এবং বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর পরিবারের সদস্যদের দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।


১৯/০৬/২০২০
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপত্র।